গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অর্থ মন্ত্রণালয় অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুক্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ / ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং-১৪৭-আইন/২০২৩/২২৪-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ৩০ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-২২৯-আইন/২০১৯/৬৫-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের_

- (ক) অনুচ্ছেদ ১ এর-
 - (অ) দফা (ক) এ উল্লিখিত "স্থানীয় উৎপাদন পর্যায়ে" শব্দগুলির পর "২ (দুই) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি সন্ধিবেশিত হইবে;
 - (আ) দফা (খ) এ উল্লিখিত "৩ শতাংশের" সংখ্যা ও শব্দের পরিবর্তে "৫ (পাঁচ) শতাংশের" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
 - (ই) দফা (গ) এ উল্লিখিত "৫ শতাংশের" সংখ্যা ও শব্দের পরিবর্তে "৭.৫ (সাত দশমিক পাঁচ) শতাংশের" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে:
 - (ঈ) টেবিল-১ এর শর্তাবলীর শর্ত (গ) এর পরিবর্তে নিম্নরূপ শর্ত (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:-
 - "(গ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের ন্যূনতম পার্টস বা যন্ত্রাংশ, যেমন- Printed Circuit Board (PCB), Charger, Battery, Housing ও Casing উৎপাদনের লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি কারখানায় স্থাপিত থাকিতে

হইবে এবং উক্ত যন্ত্রপাতি সহযোগে ন্যুনতম ৫০ (পঞ্চাশ) শতাংশ Printed Circuit Board (PCB), Charger, Battery, Housing ও Casing উৎপাদন করিতে হইবে;";

- (উ) টেবিল-২ এর শর্তাবলীর-
 - (১) শর্ত (খ) এর পরিবর্তে নিম্নরূপ শর্ত (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:-
 - "(খ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের ন্যুনতম পার্টস বা যন্ত্রাংশ, যেমন- Printed Circuit Board Assembling (PCBA), Charger ও Battery উৎপাদনের লক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি কারখানায় স্থাপিত থাকিতে হইবে এবং অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৭) এ উল্লিখিত যন্ত্রপাতিসহ অন্যান্য যন্ত্রপাতি সহযোগে ন্যুনতম ৫০ (পঞ্চাশ) শতাংশ Printed Circuit Board (PCB) সংযোজন এবং Charger ও Battery উৎপাদন করিতে হইবে;";
 - (২) শর্ত (গ) এর পর নিম্নরূপ নূতন শর্ত (গগ) সন্নিবেশিত হইবে, যথা:-
 - "(গগ) উৎপাদনকারী/সংযোজনকারী প্রতিষ্ঠানকে 'পরিশিষ্ট-ক' মোতাবেক বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণা দাখিল করিতে হইবে এবং উক্ত ঘোষণার ভিত্তিতে কমপক্ষে ২০ (বিশ) শতাংশ মূল্য সংযোজন করিতে হইবে: এবং":
- (উ) টেবিল-৩ এর শর্তাবলীর শর্ত (খ) এর পর যথাক্রমে নিম্নরূপ নূতন শর্ত (খখ) ও (খখখ) সন্নিবেশিত হইবে, যথা:-

- "(খখ) অনুচ্ছেদ ১ এর উপ-অনুচ্ছেদ (৭) এ উল্লিখিত যন্ত্রপাতিসহ অন্যান্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ব্যবহার করিয়া সংযোজনকারী প্রতিষ্ঠান কর্তৃক ন্যুনতম ৫০ (পঞ্চাশ) শতাংশ Printed Circuit Board (PCB) সংযোজন করিতে হইবে;
- (খখখ) উৎপাদনকারী/সংযোজনকারী প্রতিষ্ঠানকে 'পরিশিষ্ট-ক' মোতাবেক বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণা দাখিল করিতে হইবে এবং উক্ত ঘোষণার ভিত্তিতে কমপক্ষে ২০ (বিশ) শতাংশ মূল্য সংযোজন করিতে হইবে;"
- (খ) অনুচ্ছেদ ২ এ উল্লিখিত "৩০ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে "৩০ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।"।
- ২। এই প্রজ্ঞাপন ০১ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম) সিনিয়র সচিব